

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬১৫ ২৮/ নযর ও কসম পরিচ্ছেদঃ নযর ও মানতের বিধান

## আরবী

قال تَابِتُ بْنُ الضَّحَّاكِ: نَذَرَ رَجُلُ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ عَلَى أَنْ اَنْ اَنْ اَنْ اَنْ اَنْ اَنْ اللهِ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ عَلَى النَّبِيُّ عَلَى النَّبِيُّ عَلَى النَّبِيُّ عَلَى النَّبِيُّ عَلَى النَّبِيُّ عَلَى النَّبِيُّ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى اللهِ عَلَى اللهِ عَلْمَا عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهَ

## বাংলা

(৩৬১৫) সাবেত বিন যাহহাক (রাঃ) বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যামানায় এক ব্যক্তি নযর মানল যে, সে বুয়ানাহ নামক জায়গায় একটি উট কুরবানী (নহর) করবে। সুতরাং লোকটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে সে কথা উল্লেখ করল (এবং সে নযর পালন করতে কোন বাধা আছে কি না, তা জানতে চাইল)। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদেরকে জিজ্ঞাসা করলেন? সেখানে কি জাহেলী যুগের কোন পূজ্যমান প্রতিমা ছিল?" লোকেরা বলল, 'জী না।' তিনি পুনরায় জিজ্ঞাসা করলেন, "সেখানে কি সে যুগের কোন ঈদ (মেলা) হত? লোকেরা বলল, 'জী না।' আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাহলে তুমি তোমার নযর পালন কর। যেহেতু আল্লাহর নাফরমানী করে কোন নযর পালন করা যাবে না এবং আদম সন্তানের সাধ্যের বাইরে মানা কোন নযর পালন করতে হয় না।

## ফুটনোট

(আবূ দাউদ ৩৩১৫, ত্বাবারানী ১৩২৬, মিশকাত ৩৪৪৭, বিশুদ্ধ সূত্রে)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সাবিত ইবন যাহহাক আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন